



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
নাটোর।




সভাপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর।
সভার তারিখ : ২৪/১২/২০২৩ খ্রি.
সভার সময় সকাল ১০.৩০ ঘটিকা
স্থান জেলা সমবায় কার্যালয়, নাটোর।
উপস্থিতি হাজিরা শীট সংযুক্ত

সভাপতি সাহেব সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ মাহফুজ আলম, প্রধান সহকারী, জেলা সমবায় কার্যালয়, নাটোর সভার কর্মক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা (২য় প্রান্তিক) আয়োজন করা হয়েছে। সভাপতি সাহেব অত্র কার্যালয় এবং এর আওতাধীন উপজেলা সমবায় অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে সভার সকলকে সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অভিযোগ প্রতিকার : জেলা সমবায় অফিসার, নাটোর বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় সকল নাগরিকের অংশগ্রহণের সুযোগকে আরও বাড়াতে হবে। সরকারের নানাবিধ কার্যক্রমের ফলে সরকারি বিভিন্ন প্রয়োজনীয় তথ্য জনগণের হাতের মুঠোয় পৌঁছানো সম্ভব হয়েছে। সরকারি প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টালে সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর তথ্য রয়েছে। অভিযোগ প্রতিকারের জন্য যে কোন সেবা প্রত্যাশী সংশ্লিষ্ট ব্যক্তির সাথে সরাসরি মোবাইলে কথা বলতে পারেন। ফলশ্রুতিতে তার সেবা প্রাপ্তিতে কোন অভিযোগ থাকলে সহসাই তা নিরসন করা সম্ভব হয়।	১। ভোগান্তিবিহীন সেবা নিশ্চিত করতে হবে। ২। অভিযোগ আসার সাথে সাথে তার দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস), নাটোর
২.	জনগণকে সম্পৃক্তকরণ : উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর বলেন যে, জনস্বার্থে সরকার কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রমকে আরও কার্যকর, স্বচ্ছ, জবাবদিহি ও জনসম্পৃক্তকরণে কী কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে সকলকে উত্তাবনী চিন্তাভাবনা করা প্রয়োজন। অতঃপর এ কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ অতি সহজে কিভাবে সেবা প্রত্যাশীদের সেবা প্রদান করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে এ কার্যালয়ের ফাইল উপস্থাপনকারীদের দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। বিভিন্ন কার্যক্রমে জনসম্পৃক্তকরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। সেবা প্রত্যাশীদের অতি সহজে সেবা প্রদানের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস ও জেলা কার্যালয়ের ফাইল উপস্থাপনকারীগণ), নাটোর
৩.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: জেলা সমবায় অফিসার, নাটোর সভাকে জানান সুশাসন প্রতিষ্ঠায় সরকারি উদ্যোগের পাশাপাশি অবাধ তথ্য প্রবাহের উপর গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় তথ্য বাতায়ন সম্পর্কে বলেন	সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।	দপ্তর প্রধান (অত্র দপ্তরসহ সকল উপজেলা সমবায় অফিস), নাটোর

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	অধিকাংশ উপজেলা সমবায় দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ থাকে না। এজন্য তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।		
৪.	সিটিজেন চার্টার প্রদর্শন: উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর সভাকে জানান যে, বর্তমান প্রশাসন সেবা প্রদানে জনগণের দোরগোড়ায় যাচ্ছে। ফলে এটি অংশগ্রহণমূলক হচ্ছে এবং সরকারের কর্মকান্ড সম্পর্কে জনগণ জানার সুযোগ পাচ্ছে। এটি সুশাসন প্রতিষ্ঠায় একটি সহায়ক উপাদান হিসেবে কাজ করছে বলে তিনি মনে করেন।	সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস ও অত্র দপ্তর), নাটোর
৫.	শুদ্ধাচার বাস্তবায়ন সভায় শুদ্ধাচার বাস্তবায়নে কর্মকর্তা-কর্মচারীদের সকল প্রকার আর্থিক ও যে কোন অনিয়ম থেকে বিরত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	সকলকে আর্থিক ও যে কোন অনিয়ম থেকে বিরত থাকতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস ও অত্র দপ্তর), নাটোর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৪.১২.২৬,
সভাপতি

নৈতিকতা কমিটি

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা